অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

জলবায়ুর সপ্তাহ চলাকালীন, গভর্নর হোচুল প্রধান সবুজ শক্তির পরিকাঠামোর প্রকল্পগুলি ঘোষণা করেন নিউ ইয়র্ক এবং কানাডা থেকে নিউ ইয়র্ক শহরকে বায়ু, সৌর এবং জলবিদ্যুৎ-এর সাহায্যে বিদ্যুৎ সরবরাহের জন্য

নতুন ট্রান্সমিশনের লাইনগুলি রাজ্যব্যাপী প্রায় 10,000 পরিবার-টেকসই চাকরি তৈরি করবে এবং অর্থনৈতিক উন্নয়নের বিনিয়োগে 8.2 বিলিয়ন মার্কিন ডলার আনবে, যার মধ্যে বিকাশকারী-প্রতিশ্রুতিবদ্ধ বিনিয়োগগুলি আছে যা সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে সহায়তা করবে

জীবাশ্ম জ্বালানীর উপর শহরের নির্ভরতা কমায়, কার্বনের নিঃসরণ কমায় এবং বাতাসের গুণমান এবং জনস্বাস্থ্যের উল্লেখযোগ্য উন্নতি ঘটায়

একটি শূন্য-নির্গমনের গ্রিডের পথে 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে রাজ্যের 70 শতাংশ বিদ্যুৎ পাওয়ার জন্য নিউ ইয়র্কের লক্ষ্যমাত্রা অতিক্রম করার অগ্রগতিকে ত্বরান্বিত করে

জলবায়ুর সপ্তাহ চলাকালীন, গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্ক শহরকে বিদ্যুৎ সরবরাহের জন্য দুটি প্রধান সবুজ শক্তির পরিকাঠামোর প্রকল্পের ঘোষণা করেছেন, নিউ ইয়র্ক এবং কানাডা থেকে বায়ু, সৌর এবং জলবিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে। অনুমোদিত হলে, এই পরিকাঠামোর প্রকল্পগুলি রাজ্যব্যাপী প্রায় 10,000 পরিবার-টেকসই চাকরি তৈরি করবে এবং একবার সম্পূর্ণ হলে কোভিড-19 থেকে রাজ্যের অর্থনৈতিক পুনরুদ্ধারে ত্বরান্বিত হওয়ার জন্য সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে সহায়তা করতে বিকাশকারী-প্রতিশ্রুতিবদ্ধ বিনিয়োগ সহ 8.2 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক উন্নয়ন বিনিয়োগ আনবে। এই ঘোষণাটি জীবাশ্ম জ্বালানির উপর শহরের নির্ভরতা কমাতে সাহায্য করবে, কার্বন নিঃসরণ কম করবে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির বাতাসের গুণমান এবং জনস্বাস্থ্যের উল্লেখযোগ্য উন্নতি ঘটাবে এবং 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে রাজ্যের 70 শতাংশ বিদ্যুতের জন্য নিউ ইয়র্কের লক্ষ্যকে অতিক্রম করার অগ্রগতি ত্বরান্বিত করবে জলবায়ুর নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষার আইন (জলবায়ু আইন) -এ বর্ণিত শূন্য-নির্গমনের গ্রিডের পথে।

"বিশ্বব্যাপী জলবায়ুর সংকটের কারণে সৃষ্ট বিধ্বংসের ফলে নিউ ইয়র্কের সম্প্রদায়গুলি বারবার মারাত্মক পরিণতির সম্মুখীন হচ্ছে, এবং এই চরম আবহাওয়ার ঘটনাগুলি পেছনে ফেলে যাওয়া অর্থনৈতিক ও পরিবেশগত ধ্বংসের সাথে আমরা যখন মোকাবিলা করি তখন এর ঝুঁকি কখনই

বেশি ছিল না," **গভর্নর হোচুল বলেন।** "এই রূপান্তরকারী প্রকল্পগুলি সবার জন্য জয়ের কারণ - রাজ্য জুড়ে হাজার হাজার নতুন ভাল বেতনের চাকরি প্রদান করে এবং বহু বিলিয়ন মার্কিন ডলার ব্যক্তিগত বিনিয়োগে আকর্ষণ করে। তারা আমাদের নিউ ইয়র্ক শহরের দীর্ঘদিনের জীবাশ্ম জ্বালানীর উপর নির্ভরশীলতা অপসারণ করতে সাহায্য করে এবং লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীরা, বিশেষ করে যারা আমাদের সবচেয়ে দুর্বল সম্প্রদায়ের মধ্যে বসবাস করে, তাদের পরিষ্কার বাতাস এবং স্বাস্থ্যকর ভবিষ্যতের প্রতিশ্রুতি প্রদান করে।"

আজকের ঘোষণাকে নিউ ইয়র্ক শহরের নিশ্চিতকরণের মাধ্যমে শক্তিশালী করা হয়েছে যে তারা এই বিশিষ্ট অ্যাওয়ার্ডগুলিতে যোগ করবে। এটি নিউ ইয়র্ক শহর এবং রাজ্যব্যাপী গ্রাহকদের জন্য বিলিয়ন ডলারের সঞ্চয়ের সুযোগ তৈরি করার সাথে সাথে এই প্রদানগুলির স্কেলকে সম্ভব করে তোলে।

"জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে নিউ ইয়র্ক শহরের লড়াইয়ের জন্য এটি একটি পরিবর্তনশীল মুহূর্ত," **বলেন নিউ ইয়র্ক শহরের মেয়র বিল ডি. ব্লাসিও।** "নিউ ইয়র্ক শহরকে জল, বাতাস এবং সৌর থেকে বিদ্যুতের সাথে সংযুক্ত করার জন্য দুটি নতুন ট্রান্সমিশনের লাইন হাজার হাজার ভাল ইউনিয়ন কর্মসংস্থান সৃষ্টি করবে, আমাদের বিদ্যুৎ সরবরাহের স্থিতিস্থাপকতা এবং নির্ভরযোগ্যতাকে উন্নত করবে এবং তেল এবং গ্যাস বিদ্যুতের উপর আমাদের নির্ভরতাকে নাটকীয়ভাবে কমিয়ে দেবে যা আমাদের আশেপাশের বায়ু এবং আমাদের গ্রহকে বিপন্ন করে। গভর্নর হোচুল এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটিকে (New York State Energy Research and Development Authority, NYSERDA)-কে তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ, এবং আমরা এই ল্যান্ডমার্ক অ্যাওয়ার্ডে যোগ দিতে এবং 2025 সালের মধ্যে 100% পরিষ্কার এবং নবায়নযোগ্য বিদ্যুৎ দিয়ে নিউ ইয়র্ক শহরের সরকারী কার্যক্রম পরিচালনার জন্য আমাদের প্রতিশ্রুতি পূরণ করার জন্য এক সঙ্গে কাজ করার প্রত্যাশা করছি।"

সম্মিলিতভাবে, ক্লিন পাথ NY (Clean Path NY, CPNY) প্রকল্প, যা ফরওয়ার্ড পাওয়ার (Forward Power), ইনভেনার্জি (Invenergy) এবং এনার্জিরে (EnergyRe)-এর যৌথ উদ্যোগ, এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority)দ্বারা বিকশিত হয়েছে এবং ট্রান্সমিশন ডেভেলপারস, ইনকর্পোরেটেড (Transmission Developers, Inc.) (ব্ল্যাকস্টোন (Blackstone) দ্বারা সমর্থিত) এবং হাইড্রো-কুইবেক (Hydro-Québec) দ্বারা উন্নত চ্যাম্পলাইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express, CHPE) প্রকল্পগুলি:

- প্রতি বছর প্রায় 18 মিলিয়ন মেগাওয়াট-ঘন্টা আপস্টেট এবং কানাডিয়ান নবায়নযোগ্য শক্তি উৎপাদন করে, যা 2.5 মিলিয়নেরও বেশি বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করার জন্য যথেষ্ট;
- আগামী 15 বছরে গ্রিনহাউস গ্যাস নির্গমন 77 মিলিয়ন মেট্রিক টন হ্রাস করবে, যা রাস্তা থেকে এক মিলিয়ন গাড়ি সরিয়ে নেওয়ার সমতুল্য; এবং
- 15 বছরেরও বেশি সময় ধরে জনস্বাস্থ্য সুবিধাগুলিতে 2.9 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করা যা ক্ষতিকারক দূষণের সংস্পর্শের হ্রাসের ফলে ঘটবে – যার মধ্যে রয়েছে অসুস্থতা

এবং অকাল মৃত্যুর কম ঘটনা, স্কুল বা কর্মক্ষেত্রের অনুপস্থিতির কম দিন, ব্যবসা কম ব্যাহত হওয়া এবং কম স্বাস্থ্যসেবার খরচ।

এই প্রকল্পগুলি নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্মত, পরিবার-বজায় রাখার চাকরি তৈরি করবে তা নিশ্চিত করার জন্য রাজ্যের অঙ্গীকারকে প্রদর্শন করে। পুরস্কৃত চুক্তিগুলির মধ্যে সকল শ্রমিক, কর্মী এবং প্রকল্প নির্মাণের ক্ষেত্রে নির্মাণ কার্যক্রম সম্পাদনকারী যন্ত্রবীদদের জন্য বিদ্যমান মজুরির বিধান অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও, প্রকল্পের বিকাশকারীদের তাদের নির্মাণের ঠিকাদার এবং একটি বিল্ডিং এবং নির্মাণ বাণিজ্য শ্রমিক সংগঠনের মধ্যে প্রকল্পের শ্রমের চুক্তিগুলি আলোচনা করতে হবে যা নতুন ট্রান্সমিশনের লাইন নির্মাণের জন্য এবং নতুন নবায়নযোগ্য শক্তি উৎপাদনের সম্পদ নির্মাণের জন্য কারুশিল্পীদের প্রতিনিধিত্ব করে যা ডেভেলপার এবং তাদের সহযোগীরা নিউ ইয়র্ক রাজ্যে এই প্রকল্পের জন্য নির্মাণ করে।

CPNY এবং CHPE কমিউনিটি বেনিফিট ফান্ডে প্রায় 460 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে সবুজ শক্তির চাকরিতে পথ তৈরি করতে, জনস্বাস্থ্যকে সহায়তা করতে, মূলধন উন্নয়নের প্রকল্পগুলিকে অগ্রসর করতে, আবাসস্থল পুনরুদ্ধার করতে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের ভবনগুলির পরিবেশগত পদচিহ্ন উন্নত করতে।

NYSERDA-এর সভাপতি ও CEO ডোরিন এম হ্যারিস বলেন, "এই প্রধান নবায়নযোগ্য শক্তির পরিকাঠামোর প্রকল্পগুলিতে এখন বিনিয়োগ করা রাজ্যের অর্থনৈতিক পুনরুদ্ধারের গতি বাড়াবে, যখন নিউ ইয়র্কবাসীদের সত্যিই এটির প্রয়োজন হবে এবং রাজ্যের কিছু সবচেয়ে ঘন-দূষিত এবং অপ্রতুল সম্প্রদায়গুলিকে পরিষ্কার, স্থিতিস্থাপক, নবায়নযোগ্য শক্তি প্রদানের ক্ষেত্রে আমাদের অগ্রগতি ত্বরান্বিত করবে। গভর্নর হোচুলের নেতৃত্বে, নিউ ইয়র্ক তার প্রভাবশালী বড় আকারের নবায়নযোগ্য এবং পরিকাঠামোগত কর্মসূচিসহ প্রত্যেকটি হাতিয়ার ব্যবহার করছে, যাতে রাজ্যের দেশ-নেতৃত্বাধীন জলবায়ু এবং পরিষ্কার শক্তির লক্ষ্যগুলির দিকে আমাদের অগ্রগতি ত্বরান্বিত হয়, যখন বাতাস, সূর্য এবং জলের শক্তি ব্যবহার করে রাজ্য জুড়ে বিনিয়োগ, অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির সময়।"

হাইড্রো কুইবেকের CEO সোফি ব্রোচু এবং ট্রান্সমিশন ডেভেলপারসের (Transmission Developers) CEO ডন জেসোম বলেছেন, "আমরা সম্মানিত যে কুইবেক জলবিদ্যুৎ, যা আমাদের অনুমতিপ্রাপ্ত, সম্পূর্ণ ঢাকা দেওয়া, নির্মাণ-প্রস্তুত সঞ্চালন প্রকল্পের মাধ্যমে সরবরাহকৃত, তা অন্যান্য গুরুত্বপূর্ণ নবায়নযোগ্য প্রকল্পে যোগ দেওয়ার জন্য বেছে নেওয়া হয়েছে কারণ রাজ্য এবং শহর তাদের জলবায়ুর বাধ্যতামূলক লক্ষগুলি অর্জনের উদ্দেশ্যে কাজ করছে। আমরা গভর্নর হোচুল এবং NYSERDA-কে তাদের পরিষ্কার শক্তির নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই এবং আমরা দ্রুত প্রকল্পের প্রচুর পরিচ্ছন্ন শক্তির সুবিধা প্রদান করার অন্য এবং রাজ্যে নতুন চাকরি দেওয়ার জন্য উন্মুখ। রাজ্য জুড়ে অনেক শ্রমিক সংগঠন, পরিবেশগত কর্মী এবং পৌরসভা যারা এই প্রকল্পকে সমর্থন করেছে তাদের জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ।"

ক্লিন পাথ NY-এর নেতারা এনার্জিরে-এর জেফ ব্লাউ, ইনভেনার্জির মাইকেল পোলস্কি এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির গিল সি. কুইনিওনেস বলেছেন, "ক্লিন পাথ NY এই শতাব্দীর সব চেয়ে

গুরুত্বপূর্ণ মার্কিন নবায়নণযোগ্য শক্তির পরিকাঠামো বিনিয়োগ এবং নিউ ইয়র্কে পরিষ্কার শক্তির অগ্রগতির জন্য একটি সংজ্ঞায়িত প্রকল্প - যা নাটকীয়ভাবে কার্বন নির্গমন হ্রাস করবে, রাজ্য জুড়ে সবুজ কর্মের অনুঘটক করবে, গুরুত্বপূর্ণ পরিবেশগত ন্যায়বিচারের সুবিধা প্রদান করবে এবং মৌলিকভাবে আমাদের রাজ্যকে পরিচালিত করার পদ্ধতি পরিবর্তন করবে। পরিষ্কার শক্তিকে সরাসরি নিউ ইয়র্ক শহরে আনার জন্য অত্যাধুনিক ট্রান্সমিশনের সাথে উদ্ভাবনী বায়ু, সৌর, এবং স্টোরেজের প্রকল্পগুলিকে যুক্ত করা ক্লিন পাথ NY একটি সত্যিকারের রূপান্তরযোগ্য নবায়নযোগ্য শক্তি প্রকল্প হবে। আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই তার নেতৃত্বের জন্য এবং NYSERDA-কে তাদের অংশীদারিত্বের জন্য এবং আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীদের সুবিধার জন্য ক্লিন পাথ NY প্রদান করার জন্য উদগ্রীব।"

প্রকল্পগুলি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ডেভেলপমেন্ট অ্যান্ড অথরিটির (NYSERDA) টিয়ার 4 পুনর্নবীকরণযোগ্য জ্বালানি অনুরোধের অংশ হিসাবে চুক্তি নিয়ে আলোচনার জন্য জানুয়ারিতে নির্বাচিত হয়েছিল। একবার চূড়ান্ত হয়ে গেলে, NYSERDA এই পুরস্কৃত প্রকল্পগুলির জন্য আলোচনা করা চুক্তিগুলি বিবেচনা এবং অনুমোদনের জন্য নিউ ইয়র্কের পাবলিক সার্ভিস কমিশনের কাছে জমা দেবে। যদি টায়ার 4 চুক্তি অনুমোদিত হয়, এই পুরস্কারের অধীনে NYSERDA পেমেন্ট প্রতিটি সংশ্লিষ্ট প্রকল্পের জন্য শুরু হবে না যতক্ষণ না প্রকল্পটি সমস্ত প্রয়োজনীয় পারমিট এবং স্থানীয় অনুমোদন প্রাপ্ত হয়, নির্মাণ করা হয় এবং নিউ ইয়র্ক সিটিতে বিদ্যুৎ বিতরণ করে, যা 2025 সালে শুরু হবে বলে আশা করা হচ্ছে CHPE এর জন্য এবং 2027 সালে শুরু হবে CPNY এর জন্য।

আরও নির্ভরযোগ্য এবং স্থিতিস্থাপক বৈদ্যুতিক গ্রিড তৈরির জন্য রাজ্যের প্রচেষ্টার অগ্রসর করে এই প্রকল্পগুলি একটি আধুনিক ট্রান্সমিশন সিস্টেম তৈরি করতেও সহায়তা করবে যা নবায়নযোগ্য বিদ্যুতের এই অতিরিক্ত পাইপলাইনটি নিউ ইয়র্কের শহরতলির উচ্চ চাহিদাযুক্ত এলাকায় পৌঁছে দিতে সক্ষম হবে। CPNY এর 174-মাইল ট্রান্সমিশন লাইন ডেলাওয়্যার কাউন্টির ফ্রেজার সাবস্টেশন থেকে কুইন্সের রেইনি সাবস্টেশন পর্যন্ত প্রসারিত হবে, বিদ্যমান চলাচলের অধিকারগুলি ব্যবহার করে একটি ভূগর্ভস্থ কেবল ব্যবহার করে, যা সম্ভাব্য স্থানীয় সম্প্রদায়ের প্রভাবকে হ্রাস করবে, হাডসন নদীর তীরে সংবেদনশীল বাসস্থানগুলি এড়াবে, এবং গুরুতর আবহাওয়া এবং নিরাপত্তার ঝুঁকির ক্ষেত্রে মাটির উপরের বিকল্পগুলির চেয়ে আরও স্থিতিস্থাপক হবে। CHPE হল একটি অনুমোদিত 339-মাইল ভূগর্ভস্থ কেবল, মাটির এবং পানির তলার, ট্রান্সমিশন লাইন যা কুইবেক প্রদেশের হাইড্রো-কুইবেক বাতাস এবং জলবিদ্যুৎ সংস্থান থেকে কুইন্সের অ্যাস্টোরিয়া এনার্জি সেন্টার (Astoria Energy Center) পর্যন্ত চলে এবং সংবেদনশীল প্রজাতি এবং বাসস্থানের উপর প্রভাব সহ পরিবেশগত ক্ষতি এড়াতে, কমাতে সর্বোত্তম ব্যবস্থাপনার পদ্ধতি গ্রহণ করেছে। ট্রান্সমিশন লাইনের একটি মানচিত্র এখানে পাওয়া যাবে।

রাজ্য যেখানে প্রকল্পটি উন্নয়ন করা হচ্ছে সেই সম্প্রদায়গুলির সাথে সম্পৃক্ততার উপর জোর দেওয়া এবং তা সমৃদ্ধ করা অব্যাহত রাখবে। NYSERDA স্থানীয় সরকারগুলিকে তাদের সম্প্রদায়ের দায়িত্বশীল পরিষ্কার শক্তির বিকাশ কিভাবে পরিচালনা করতে হয় তা বুঝতে সাহায্য করার জন্য সংস্থান এবং বিনা খরচে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে, যার মধ্যে আছে ধাপে-

ধাপে প্রদান করা নির্দেশাবলী এবং পরিষ্কার শক্তির বাস্তবায়নের নির্দেশনা দেওয়ার সরঞ্জাম, যার মধ্যে আছে অনুমতিপ্রাপ্ত প্রক্রিয়া, সম্পত্তি কর, বসার ব্যবস্থা, জোনিং এবং আরও অনেক কিছু।

অনুমোদিত হলে, CPNY এবং CHPE প্রকল্পগুলি নিউ ইয়র্কের বিদ্যমান বৃহৎ আকারের পুনর্নবীকরণযোগ্য শক্তির বিদ্যমান শক্তিশালী পাইপলাইনের সাথে যোগদান করবে, যার মধ্যে রয়েছে প্রায় 100-টি সৌর, ভূমি ভিত্তিক এবং অফশোর ভিত্তিক প্রকল্প যা মোট 11,000 মেগাওয়াট পরিষ্কার বিদ্যুৎ প্রদান করবে - যা সম্পূর্ণ হওয়ার পর পাঁচ মিলিয়নের বেশি নিউ ইয়র্কের গৃহে বিদ্যুট প্রদান করার জন্য যথেষ্ট। রাজ্য জুড়ে 250 মাইল নতুন বড় আকারের আপগ্রেডের নেতৃত্বে নতুন সবুজ শক্তি সঞ্চালনের জন্য রাজ্যের প্রতিশ্রুতি ইতিমধ্যেই রাজ্য চলছে এবং এবং এই পুরষ্কারের দ্বারা আরো বলিষ্ঠ হয়ে নিউ ইয়র্কের বর্তমান পাইপলাইনটি পুনর্নবীকরণযোগ্য শক্তি থেকে নিউ ইয়র্কের বিদ্যুতের প্রায় 60 শতাংশ বিদ্যুৎ সরবরাহ করবে।

সিনেটর টড কামিনস্কি বলেন, "গভর্নর হোচুলের আজকের ঘোষণাটি নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনে নির্ধারিত লক্ষ্য পূরণ করে তা নিশ্চিত করার জন্য আরেকটি যুগান্তকারী পরিবর্তনের পদক্ষেপ। জীবাশ্ম জ্বালানির উপর নিউ ইয়র্ক সিটির নির্ভরতা হ্রাস করায়, এই প্রকল্পগুলি আমাদের পরিবেশ এবং আমাদের স্বাস্থ্যের জন্য আরও ভাল হবে। সেগুলি হাজার হাজার টেকসই এবং উচ্চ বেতনের চাকরিও তৈরি করবে-এই নতুন সবুজ অর্থনীতির নেতা হিসেবে নিউ ইয়র্কের স্থান আরো দৃঢ় করবে।"

সিনেটর কেভিন পার্কার বলেন, "গভর্নর হোচুল এবং NYSERDA এর দ্বারা উপস্থাপিত দুটি প্রধান সবুজ শক্তির পরিকাঠামো প্রকল্পকে আমি সম্পূর্ণ সমর্থন করি। এটা গুরুত্বপূর্ণ যে রাজ্য এমন উদ্যোগে বিনিয়োগ অব্যাহত রাখে যা কার্বন নির্গমন কমাবে, এবং টার সাথে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির বাতাসের মান উন্নত করবে। এই উদ্যোগ আমাদের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যে পৌঁছানোর জন্য কাজ করার সাথে সাথে ভাল বেতনের চাকরির সুযোগ তৈরি করবে। এনার্জি অ্যান্ড টেলিকমিউনিকেশনস কমিটির (Energy and Telecommunications Committee) চেয়ারম্যান হিসেবে আমি জানি এই প্রকল্পগুলি নিউ ইয়র্ক রাজ্যকে পরিষ্কার শক্তির ক্ষেত্রে নেতৃত্ব দিতে সাহায্য করতে থাকবে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় গভর্নর হোচুলের আজকের ঘোষণা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই পরিকাঠামো প্রকল্পগুলি বায়ু, সৌর এবং জলবিদ্যুৎ উৎপাদন থেকে নবায়নযোগ্য শক্তি সরবরাহ করবে এবং জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য অর্জনের জন্য ক্ষতিকর গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করবে।"

অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জির নিউ ইয়র্কের নির্বাহী পরিচালক অ্যান রেইনল্ডস বলেন, "গ্রিড বিনিয়োগ সম্পর্কে আজ গভর্নর ক্যাথি হোচুলের উত্তেজনাপূর্ণ ঘোষণা, নিউ ইয়র্কের অফশোর বায়ু এবং শহুরে সৌর স্থাপনার প্রতি প্রতিশ্রুতির সাথে, নিউ ইয়র্ক সিটি কীভাবে চালিত হয় তা গুরুতরভাবে রূপান্তরিত করবে। নবায়নযোগ্য শক্তি জলবায়ু ক্রিয়ার চাবিকাঠি, এবং আমরা বিশেষ করে ট্রান্সমিশন প্রকল্পগুলিকে সাধুবাদ জানাই যা আপস্টেট নিউ

ইয়র্কে নতুন বায়ু এবং সৌর প্রকল্প নির্মাণকে সমর্থন করে। এই জাতীয় ক্রিয়াকলাপের মাধ্যমে, নিউ ইয়র্কের নেতৃত্ব বাকি মার্কিন যুক্তরাষ্ট্রকে দেখাচ্ছে জলবায়ু সুরক্ষা কেমন হয়।"

নিউ ইয়র্ক লিগ অব কনজারভেশন ভোটার্সের (New York League of Conservation Voters) সভাপতি জুলি টিগ বলেন, "আমরা গভর্নর ক্যাথি হোচুল এবং NYSERDA-কে জলবায়ু সপ্তাহ শুরু করার জন্য প্রশংসা করি যা পরিকাঠামো প্রকল্পগুলি অগ্রসর করে যা নিউ ইয়র্কের সর্বশ্রেষ্ঠ শক্তির লোডের পকেটগুলির জন্য পরিষ্কার শক্তিতে রূপান্তরকে ত্বরান্বিত করবে। আপনাদের পদক্ষেপগুলি পুনর্নবীকরণযোগ্য শক্তির দিকে স্থানান্তরকে ত্বরান্বিত করবে যা কেবল জলবায়ু সংকটের বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করবে না, বরং যে সব এলাকায় ফেডারেল বড় মনের স্ট্যান্ডার্ড পূরণ করে না এবং বিদ্যুৎ উৎসের দ্বারা দূষিত এমন জনগোষ্ঠীগুলির জন্য প্রয়োজনীয় ত্রাণ সরবরাহ করবে।"

রিয়েল এস্টেট বোর্ড অফ নিউ ইয়র্কের (Real Estate Board of New York, REBNY) চেয়ারম্যান ডগলাস ডার্স্ট এবং প্রেসিডেন্ট জেমস হুইলান বলেন, "আমাদের জলবায়ু সংকটের মোকাবেলার জন্য সাহসী, কিন্তু চিন্তাশীল, পদক্ষেপ নিতে হবে। নিউ ইয়র্ক সিটিতে সফলভাবে কার্বন নির্গমন কমানো নবায়নযোগ্য উৎপাদন এবং ট্রান্সমিশনের আক্রমণাত্মক স্থাপনা ছাড়া সম্ভব হবে না। আজ গভর্নর হোচুল এবং NYSERDA নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে জাতীয় নেতা হিসেবে গড়ে তোলার জন্য সাহসী, কিন্তু চিন্তাশীল পদক্ষেপ নিয়েছেন।"

ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেক্ট্রিকল ওয়ার্কার্স (International Brotherhood of Electrical Workers, IBEW) এর আন্তর্জাতিক প্রতিনিধি এডউইন হিল, জুনিয়র বলেন, "নিউ ইয়র্কের ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেকট্রিক্যাল ওয়ার্কার্স (IBEW) নিউইয়র্ক স্টেট এবং NYSERDA এর জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এবং বিদ্যমান শ্রমিকের মান রক্ষা করার জন্য এবং টিয়ার 4 - নিউ ইয়র্ক সিটির রিনিউয়েবলস এনার্জি RFP-এর সাথে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের সম্পৃক্ততা নিশ্চিত করার প্রশংসা করে। টিয়ার 4 রাজ্যের জলবায়ু আইন, জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, যার জন্য 2030 সালের মধ্যে NY এর শক্তি সরবরাহ 70% কার্বন-মুক্ত হওয়া প্রয়োজন। আসন্ন প্রকল্প(গুলি) হাজার হাজার ভালো বেতনের, ক্যারিয়ার স্তরের, চাকরী প্রদান করবে রাজ্য জুড়ে NY এর বাসিন্দাদের জন্য এবং NY রাজ্যের অর্থনীতিতে নহু বিলিয়ন ডলার প্রবেশ করাবে তার নাগরিকদের জন্য পরিবেশের ব্যাপক উন্নতি করার সাথে। IBEW এই বিশ্বমানের উদ্যোগের সাফল্য নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার জন্য উন্মুখ।"

বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অফ গ্রেটার নিউইয়র্কের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লা বারবারা বলেন, "এটি নিউ ইয়র্ক শহরে প্রয়োজনীয় পরিষ্কার এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি আনার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, তার সাথে নিশ্চিত করে যে ভালো ইউনিয়নের চাকরি যা বিভিন্ন সুবধার সাথে মধ্যবিত্তের ক্যারিয়ারের পথ প্রসস্থ করে তা যেভাবে নিউ ইয়র্ক শক্তি উৎপাদন করে এবং সরবরাহ করে সেদিকেই কেন্দ্রীয় থাকে। রাষ্ট্রের পরিষ্কার ও শক্তির লক্ষ্য

পূরণে রাজ্যের ব্যাপক ও উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনার অংশ হিসেবে পরিবার-বজায় রাখার চাকরি তৈরি করার প্রতি মনোনিবেশ এবং প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

নিউইয়র্ক রাজ্যের শ্রমিক সাংগঠনিক ফান্ডের (New York State Laborers Organizing Fund) পরিচালক জন হাচিংস বলেন, "গুরুত্বপূর্ণ পরিকাঠামোর প্রকল্পের অগ্রগতি অব্যাহত রাখার জন্য আমরা গভর্নর ক্যাথি হোচুল এবং NYSERDA-কে সাধুবাদ জানাই। এই প্রকল্পগুলি নবায়নযোগ্য শক্তির দিকে রাজ্যের স্থানান্তরকে ত্বরান্বিত করবে এবং শত শত নির্মাণের কাজ করবে যা শ্রমিকদের একটি বিদ্যমান মজুরি দেবে। নিউ ইয়র্ক রাজ্যের শ্রমিকরা আমাদের সদস্যদের জন্য ন্যায়সঙ্গত রূপান্তর নিশ্চিত করার জন্য গভর্নর হোচুলের অব্যাহত প্রতিশ্রুতি দ্বারা উৎসাহিত হয় এবং 2050 সালের মধ্যে রাজ্যটি নেট-জিরো কার্বন নির্গমনের একটি অর্থনীতির বিস্তৃত লক্ষ্যে রূপান্তরিত হয়।"

নেচার কনজারভেন্সি নিউ ইয়র্কের (Nature Conservancy New York) প্রধান সংরক্ষণ ও বহিরাগত বিষয়ক কর্মকর্তা স্টুয়ার্ট এফ গ্রুসকিন বলেন, "নেচার কনজারভেন্সি গভর্নর ক্যাথি হোচুল এবং NYSERDA-কে নিউ ইয়র্কের অগ্রণী জলবায়ু আইনের বাস্তবায়নের কাজকে ত্বরান্বিত করার জন্য প্রশংসা করে, যার লক্ষ্য 2050 সালের মধ্যে নেট-জিরো নিঃসরণের অর্থনীতি অর্জন করা। এই প্রকল্পগুলি বায়ু দূষণ হ্রাস করবে, নিউ ইয়র্ক শহরে পরিচ্ছন্ন শক্তি আনবে এবং নবায়নযোগ্য শক্তির অর্থনীতি গড়ে তুলবে। গভর্নর হোচুলের শক্তিশালী নেতৃত্বের সাথে, নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে পারে এবং প্রাকৃতিক সংস্থানগুলিকে রক্ষা করতে পারে যার উপর আমরা সবাই নির্ভর করি।"

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের ডলারে বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলারে, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলারে, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের ডলারে বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে $1.2 বিলিয়নের বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত

বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছয় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন